ইসলামিক ফাউন্ডেশন
কুড়িগ্রাম জেলা কার্যালয়
উপজেলা মডেল মসজিদ, আদর্শ পৌর বাজার সংলগ্ন,কুড়িগ্রাম।

স্মারক নংঃ ১৬.০১.৪৯০০.০২২.৩২.০০২.২৪-৭৪৭(০২) তারিখঃ ১৮ আগস্ট ২০২৫ খ্রিঃ

**বিষয়: সরকারী ব্যবস্থাপনায় ২০২৬ সালে হজে কাফেলায় নিবন্ধনের সুযোগ গ্রহন প্রসঙ্গে।**

জনাব

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আদিষ্ট হয়ে জানানো যে, ১৪৪৭ হিজরী/২০২৬ সনে হজে গমনেচ্ছু হজযাত্রীদের প্রাক-নিবন্ধন কার্যক্রম চালু রয়েছে। সৌদি হজ ও ওমারাহ মন্ত্রণালয় কর্তৃক ঘোষিত ২০২৬ সনের হজের রোড ম্যাপ/টাইম লাইন অনুযায়ী প্রাথমিক নিবন্ধনের সময়সীমা ২৭ জুলাই ২০২৫ হতে ১২ অক্টোবর ২০২৫। পর্যন্ত সরকারি ও বেসরকারি উভয় মাধ্যমের প্রাক-নিবন্ধন ফি ৩০,০০০/-( ত্রিশ হাজার ) টাকা। প্রাক-নিবন্ধিত ব্যক্তি ৩,৫০,০০০/-( তিন লক্ষ পঞ্চাশ হাজার টাকা ) জমা করে ২০২৬ সালের হজ যাত্রী হিসেবে প্রাথমিক নিবন্ধন নিশ্চিত করতে পারবেন। তাই রাজকীয় সৌদি সরকারের হজের টাইম লাইন ও রোড ম্যাপ অনুযায়ী **সরকারি সুবিধায় হজের কোটা পুরণে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্রের আলোকে জেলার সকল সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে এ বছর যারা হজে যেতে আগ্রহী তাদেরকে একান্তভাবে নির্দেশনা পালন করতে** এবং উল্লেখযোগ্য সেবা নিতে উপজেলা ও জেলা ইসলামিক ফাউন্ডেশন কুড়িগ্রাম এর নিযুক্ত আইডিধারী ব্যক্তিঃ জনাব মোঃ মশিউর রহমান, মোবাইল নম্বর- 01798112092 জনাব মোঃ রাশেদুল ইসলাম, মোবাইল নম্বর- 01740612538, জনাব মোঃ রফিকুল ইসলাম, মোবাইল নম্বর-01714626787 যোগাযোগ করে প্রাক-নিবন্ধন/ চুড়ান্ত নিবন্ধন নিশ্চিত করতে আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

(আবদুর রাজ্জাক রনি)
উপপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন কুড়িগ্রাম।

স্মারক নংঃ ১৬.০১.৪৯০০.০২২.৩২.০০২.২৪-৭৪৭(০২) তারিখঃ ১৮ আগস্ট ২০২৫ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২। পুলিশ সুপার,কুড়িগ্রাম।
৩। সিভিল সার্জন,কুড়িগ্রাম।
৪। অধ্যক্ষ, কুড়িগ্রাম সরকারী কলেজ/কুড়িগ্রাম সরকারী মহিলা কলেজ।
৫। নির্বাহী প্রকৌশলী,গণপূর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল/পানি উন্নয়ন বোর্ড/বিদ্যুৎ বিভাগ-পিডিবি,পল্লী/সড়ক বিভাগ।
৬। কমান্ডার, ২২ বিজিবি কুড়িগ্রাম।
৭। জেলা কমান্ডেন্ট,আনসার ও ভিডিপি।
৮। উপপরিচালক, কৃষি অধিদপ্তর, কুড়িগ্রাম।
৯। জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কুড়িগ্রাম।
১০। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কুড়িগ্রাম।।
১১। সংশ্লিষ্ট নথি।

উপপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# ২০২৬ সনের হজে হজযাত্রীর করণীয় ও অনুসরণীয় বিষয়াবলী

## হজে গমনের যোগ্যতা

- ১৫ বছর ও তদুর্ধ্ব বয়সের শারীরিক ও মানসিকভাবে সুস্থ ব্যক্তি;
- আদালত বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক দেশ ত্যাগে বাধা নেই এমন ব্যক্তি;
- দুরারোগ্য ব্যাধিতে (হৃদরোগ, ফুসফুস, লিভার সিরোসিস, কিডনী রোগে আক্রান্ত, নিউরোলজিক্যাল, মানসিক রোগ, ঝুঁকিপূর্ণ গর্ভাবস্থা, যক্ষা এবং থেরাপী গ্রহণকারী ক্যান্সার রোগী) আক্রান্ত নয় এমন ব্যক্তি;
- হজের তারিখ হতে কমপক্ষে ৬ মাস মেয়াদযুক্ত পাসপোর্ট আছে এমন ব্যক্তি।

## সরকারিভাবে হজের প্রাক-নিবন্ধন

- হজ পোর্টাল www.hajj.gov.bd এ ইউজার তৈরি করে;
- কল সেন্টারে (১৬১৩৬) তথ্য প্রদানের মাধ্যমে;
- ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মোকাররম, সকল বিভাগীয় ও জেলা কার্যালয়ে;
- হজ অফিস, আশকোনা, ঢাকা হতে;
- **সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারে;**
- গাইড হতে ইচ্ছুক ব্যক্তির নিকট/নিকটস্থ যে কোন কম্পিউটার সেবাদানকারী সেন্টার/দোকানে।

## সরকারি মাধ্যমে প্রাক-নিবন্ধন ও প্রাথমিক নিবন্ধনের পেমেন্ট সম্পন্নকরণ

- সোনালী ব্যাংকসহ হজ কার্যক্রমে অনুমোদিত ব্যাংকের যে কোন শাখায় ভাউচারের মাধ্যমে হজযাত্রী প্রতি ৩০,০০০/- টাকা জমা করে প্রাক-নিবন্ধন সনদ গ্রহণ করুন;
- অনলাইন পেমেন্টের ক্ষেত্রে হজ পোর্টালে, বিকাশ/সোনালী পে (সোনালী ব্যাংক একাউন্ট/ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড/মোবাইল ব্যাংকিং/ইন্টারনেট ব্যাংকিং) এর মাধ্যমে নির্ধারিত ফি জমা করে প্রাক-নিবন্ধন সনদ ডাউনলোড করুন। এক্ষেত্রে চার্জ প্রযোজ্য হবে;
- হজে গমনেচ্ছুক প্রাক-নিবন্ধিত ব্যক্তি ১২ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে সোনালী ব্যাংকের যে কোন শাখায় হজযাত্রীর প্রাথমিক নিবন্ধন ভাউচারের মাধ্যমে ~~৪,০০,০০০/-~~ ৬৫০,০০০/- (চার লক্ষ) টাকা জমা করে প্রাথমিক নিবন্ধন করতে পারবেন;
- হজ প্যাকেজ ঘোষণার পর প্যাকেজের অবশিষ্ট অর্থ নির্ধারিত সময়ের মধ্যে জমা দিয়ে চূড়ান্ত নিবন্ধন করতে হবে।

## সরকারি মাধ্যমে হাজীদের প্রদেয় সেবা-সুবিধাদি

- প্রতি রুমে সর্বোচ্চ ৫ জনের আবাসন ব্যবস্থা;
- প্যাকেজ আপগ্রেডেশন (২/৩ সিটের রুম, শর্ট প্যাকেজ) সুবিধা প্রদান;
- সৌদি আরবে যাওয়া-আসার ইকোনোমিক ক্লাসের বিমান টিকেট সরবরাহ;
- সরকারের পক্ষ থেকে সৌদি আরবে বিনামূল্যে ঔষধ ও প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান;
- সরকারি খরচে মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা টিকা প্রদান;
- হজের সফর সহজ, মসৃণ ও নিরাপদ করতে লাব্বাইক মোবাইল অ্যাপের সুবিধা;

- হজযাত্রীদের মোবাইল ফোনে রোমিং ও হজ প্রি-পেইড কার্ড সুবিধা;
- হজে গমনের পূর্বে হজ ক্যাম্প ঢাকার ডরমিটরিতে বিনামূল্যে থাকার ব্যবস্থা;
- হজযাত্রী ও হজ গাইডদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;
- দেশে ফেরার পর বিমানবন্দর থেকে হজযাত্রীকে ৫ লিটারের ১ বোতল জমজম পানি সরবরাহ;
- কম-বেশী ৪৬ জন হজযাত্রীর জন্য ১ জন দক্ষ ও অভিজ্ঞ গাইডের সেবা প্রদান।

## হজযাত্রীদের করণীয় বিষয়াবলী:

- হজ প্যাকেজ ও গাইড লাইন ভালভাবে পড়তে হবে;
- হজের আরকান-আহকাম, নিয়ম-কানুন জানতে হজ প্রশিক্ষণে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে;
- বিমান ভ্রমণের পূর্বে টয়লেট ব্যবহারসহ করণীয় ও বর্জনীয় সম্পর্কে জানতে হবে;
- কমপক্ষে ৫০ দিনের নিয়মিত সেবনযোগ্য ঔষধ (ব্যবস্থাপত্রসহ) সঙ্গে নিতে হবে;
- প্রত্যেক হজযাত্রীর স্মার্ট ফোন থাকতে হবে;
- নিকট আত্মীয়ের যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বর সঙ্গে রাখতে হবে;
- হজে গমণের নির্ধারিত তারিখে ঢাকার হজযাত্রীগণ কমপক্ষে ৬ ঘণ্টা পূর্বে এবং ঢাকার বাহিরের হজযাত্রীগণ ২ দিন পূর্বে হজ ক্যাম্পে উপস্থিত হবেন;
- ব্যক্তিগত মূল্যবান সামগ্রী সর্বদা নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে;
- রাজকীয় সৌদি সরকারের নিয়ম-কানুন সর্বদা মেনে চলতে হবে;
- একা চলাচল না করে গাইডের সহযোগিতায় দলগতভাবে চলাচল করতে হবে;
- আইডি কার্ড, সৌদি নুসুক কার্ড, হোটেলের ভিজিটিং কার্ড সর্বদা সাথে রাখতে হবে এবং হারিয়ে গেলে ভীত না হয়ে বাংলাদেশ হজ মিশনে যাওয়ার চেষ্টা করতে হবে।

## যে সকল তথ্য জানা জরুরি

- হজ একটি কষ্টসাধ্য ইবাদত বিধায় শারীরিক এবং মানসিকভাবে সুস্থ ও উপযুক্ত ব্যক্তি হজের নিবন্ধন করবেন;
- মক্কা ও মদিনায় নিজ ব্যবস্থাপনায় খাবার গ্রহণ করতে হবে;
- নিবন্ধনের পর হজে যেতে অসমর্থ হলে অবহিতকরণের তারিখের পূর্ব পর্যন্ত ব্যয়িত অর্থ কর্তন করা হবে;
- সৌদি আরবে হুইল চেয়ার প্রয়োজন হলে নিজ উদ্যোগে সংগ্রহ ও ব্যবহার করতে হবে;
- বিমান টিকিট পরিবর্তনের প্রয়োজন হলে নিজ দায়িত্বে করতে হবে;
- বিমান টিকিট পরিবর্তন করা হলে হজযাত্রী মোয়াল্লেমের সেবার বাহিরে চলে যাবেন;
- '১৬১৩৬' নম্বরে কল করে হজ সংক্রান্ত যেকোন তথ্য জানা যাবে;

## বেসরকারি এজেন্সির ক্ষেত্রে হজযাত্রীর করণীয়

- হজের সকল ধরনের আর্থিক লেনদেন হজ এজেন্সির নির্ধারিত ব্যাংক হিসাবের মাধ্যমে করতে হবে;
- এজেন্সির ব্যাংক একাউন্ট তথ্য হজ পোর্টালের এজেন্সি প্রোফাইলে পাওয়া যাবে;
- হজযাত্রী প্রাপ্য সেবা বিষয়ে এজেন্সির সাথে লিখিত চুক্তি সম্পাদন করবেন;
- হজের যে কোন প্রয়োজনে হজযাত্রী সরাসরি এজেন্সির স্বত্বাধিকারীর সাথে আলোচনা করবেন।

## বিশেষ দ্রষ্টব্য:

- বাংলাদেশের যেকোন নাগরিক সরকারিভাবে হজের নিবন্ধন করে হজে যেতে পারবেন।
- প্রাক-নিবন্ধন পদ্ধতি দেখতে ভিজিট করুন www.hajj.gov.bd/video
- সরকারিভাবে হজের নিবন্ধন করুন এবং ঝামেলাবিহীন ও নিশ্চিতভাবে হজে গমন করুন।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ

**মুদ্রণে:** বিজি প্রেস-২৩৬০-বি/২০২৫-২৬—৩,০০,০০০ কপি, ২০২৫।
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।